



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

ড্রাইভার (চুক্তিভিত্তিক) পদে নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক- পাবিপ্রবি/সংস্থাপন/২৮২/ ৮২৪

তারিখ: ০৭/০৭/২০১৯ ইং

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মহোদয়ের মেয়াদকালীন সময়ের জন্য চুক্তিভিত্তিক নিম্নবর্ণিত কর্মচারী নিয়োগের লক্ষ্যে যোগ্যতাসম্পন্ন রাজশাহী সিটি কর্পোরেশনের স্থায়ী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে (বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.pust.ac.bd হতে সংগ্রহ করা যাবে) আবেদনপত্র আহ্বান করা যাচ্ছেঃ

পদের নাম ও বেতন	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
ড্রাইভার (চুক্তিভিত্তিক) বেতন : আলোচনা সাপেক্ষে	ক) কমপক্ষে অষ্টম শ্রেণি পাশ হতে হবে। খ) সংশ্লিষ্ট কাজে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতাসহ হেভি/হালকা ড্রাইভিং লাইসেন্সধারী হতে হবে। বয়স অনূর্ধ্ব ৩০ বছর।

শর্তাবলী :

- আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ২৮/০৭/২০১৯ ইং। আবেদনপত্র রেজিস্ট্রার, পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, রাজাপুর, পাবনা, বরাবরে উক্ত তারিখের (২৮/০৭/২০১৯ ইং) মধ্যে কার্যদিবসে (সরকারি ছুটির দিন ব্যতীত) অফিস চলাকালীন সময়ে (৯:০০টা থেকে ৫:০০টা) কেবলমাত্র ডাকযোগে পৌছাতে হবে।
- আবেদনের জন্য বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ওয়েব সাইটে প্রদত্ত ফরমেটে আবেদন করতে হবে। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত ডকুমেন্টগুলো অবশ্যই সংযুক্ত করতে হবে এবং প্রার্থীকে আবেদনপত্রে স্বাক্ষর করতে হবেঃ
(ক) সদ্যতোলা পাসপোর্ট আকারের ০৩ কপি রঙিন ছবি (খ) শিক্ষাগত যোগ্যতা সংশ্লিষ্টে সকল সনদের সত্যায়িত অনুলিপি (গ) জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধনের সত্যায়িত অনুলিপি (ঘ) অভিজ্ঞতা (বেতনক্রমসহ) সংশ্লিষ্টে সকল সনদের সত্যায়িত অনুলিপি (যদি থাকে বা প্রযোজ্য ক্ষেত্রে) (ঙ) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার।
- (ক) সকল পদের প্রার্থীদের জন্য ০৭ (সাত) সেট আবেদনপত্র জমা দিতে হবে।
(খ) মূল আবেদনপত্রের সাথে নিজ ঠিকানা সম্বলিত ১০/- (দশ) টাকার ডাকটিকিটসহ ফেরত খাম সংযুক্ত করতে হবে।
- চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে মুক্তিযোদ্ধার সন্তান প্রার্থীদেরকে সর্বশেষ সরকারি নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সনদপত্রসহ আবেদনপত্র দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে প্রার্থীর পিতা/মাতার অনুকূলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত অনুলিপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।
- ক্রটিপূর্ণ/অসম্পূর্ণ এবং বিলম্ব প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- প্রত্যেক প্রার্থীর তাঁর প্রার্থিত পদের নাম এবং মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে প্রযোজ্য অংশটি খামের উপর স্পষ্ট করে লিখতে হবে।
- প্রাপ্ত দরখাস্তসমূহ প্রাথমিক বাছাইয়ের পর কেবলমাত্র যোগ্য প্রার্থীদেরকে লিখিত পরীক্ষা/ মৌখিক পরীক্ষা/ জবটেষ্ট এ ডাকা হবে। এর জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়-এর অনুকূলে জনতা ব্যাংক লিমিটেড-এর যে কোন শাখা হতে উপরোক্ত পদের প্রার্থীদের ৩০০/- টাকার (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে। আবেদনপত্রে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নং, টাকার পরিমাণ ও তারিখ উল্লেখ করতে হবে।
- কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এই নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল কিংবা সংশোধন করার অধিকার সংরক্ষণ করেন।


০৭/০৭/১৯
অতিরিক্ত রেজিস্ট্রার

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
পাবনা।